

## 🔳 আল-আনকাবৃত | Al-Ankabut | ٱلْعَنْكَبُوت

আয়াতঃ ২৯: ১৬

## **া** আরবি মূল আয়াত:

## 

আর (স্মরণ কর) ইবরাহীমকে, যখন সে তার কওমকে বলেছিল, 'তোমরা আল্লাহর ইবাদাত কর এবং তাঁর তাকওয়া অবলম্বন কর; এটি তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা জান'। — আল-বায়ান

স্মরণ কর যখন ইবরাহীম তার সম্প্রদায়কে বলেছিল- 'তোমরা আল্লাহর 'ইবাদাত কর আর তাঁকে ভয় কর। এটাই তোমাদের জন্য কল্যাণকর, তোমরা যদি জানতে! — তাইসিক্রল

স্মরণ কর ইবরাহীমের কথা, সে তার সম্প্রদায়কে বলেছিলঃ তোমরা আল্লাহর ইবাদাত কর এবং তাঁকে ভয় কর, তোমাদের জন্য এটাই শ্রেয় যদি তোমরা জানতে। — মুজিবুর রহমান

And [We sent] Abraham, when he said to his people, "Worship Allah and fear Him. That is best for you, if you should know. — Sahih International

১৬. আর স্মরণ করুন ইবরাহীমকে(১), যখন তিনি তার সম্প্রদায়কে বলেছিলেন, তোমরা আল্লাহর ইবাদাত কর এবং তার তাকওয়া অবলম্বন কর: তোমাদের জন্য এটাই উত্তম। যদি তোমরা জানতে!

(১) এখানে ইবরাহীম আলাইহিস সালাম-এর কাহিনী বর্ণনা করা হয়েছে, যিনি অনেক কঠিন অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ হন। নমরূদের অগ্নি, অতঃপর শাম থেকে হিজরত করে তরুলতাহীন জনশূন্য প্রান্তরে অবস্থান, আদরের দুলালকে যবেহ করার ঘটনা ইত্যাদি। ইবরাহীম আলাইহিস সালাম-এর কাহিনী প্রসঙ্গে লুত আলাইহিস সালাম ও তার উন্মতের ঘটনাবলী এবং সূরার শেষ পর্যন্ত অন্য কয়েকজন নবী ও তাদের উন্মতের অবস্থা এগুলো সব রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও উন্মতে মুহাম্মদীর সান্ত্বনার জন্যে এবং তাদেরকে দ্বীনের কাজে দৃঢ়পদ রাখার জন্যে বর্ণিত হয়েছে।

তাফসীরে জাকারিয়া

(১৬) স্মরণ কর ইব্রাহীমের কথা, যখন সে তার সম্প্রদায়কে বলেছিল, 'তোমরা আল্লাহর উপাসনা কর এবং তাঁকে ভয় কর; তোমাদের জন্য এটিই শ্রেয় যদি তোমরা জানতে।



## 🛊 hadithbd.com — কুরআন — আল-আনকাবৃত | Al-Ankabut | ٱلْعَنْكُبُوت

\_

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3356

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন